

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. ২. ৭. ৬. মোশির পরিকল্পিত নরহত্যা

মূসা (আ.) কর্তৃক একজন মিসরীয় ব্যক্তির হত্যার কথা কুরআন ও বাইবেলে বলা হয়েছে। কিন্তু উপস্থাপনা সম্পূর্ণ ভিন্ন। কুরআনের বর্ণনায় মূসা (আ.) উক্ত ব্যক্তিকে শান্তি দেওয়ার উদ্দেশ্যে আঘাত করেন, কিন্তু লোকটা মারা যায়। বিষয়টা একান্তই অনিচ্ছাকৃত দুর্ঘটনা ছিল। মূসা (আ.) তৎক্ষণাৎ আল্লাহর কাছে অনুশোচনা ও ক্ষমাপ্রার্থনার করেন। পক্ষান্তরে বাইবেলের বর্ণনায় মোশি পরিকল্পিতভাবে নরহত্যা করেন: "তিনি দেখলেন, এক জন মিসরীয় তাঁর ভাইদের মধ্যে এক জন ইবরানীকে মারধোর করছে। তখন তিনি এদিক ওদিক তাকিয়ে কাউকে দেখতে না পেয়ে ঐ মিসরীয়কে খুন করে বালির মধ্যে পুতে রাখলেন।" (হিজরত ২/১১-১২, মো.-১৩)

সুপ্রিয় পাঠক, বাইবেলের বর্ণনাটা কি ফিল্মি স্টাইলের খুন নয়? সিনেমায় বা ভিডিও গেমের কিলিং মেশিনগুলোর ক্ষেত্রেই এরকম দেখা যায়। দয়ামায়াহীন-অনুশোচনাহীন খুন! কল্পনা করুন! একজন মানুষ ঠাণ্ডা মাথায় অন্য মানুষকে খুন করার সিদ্ধান্ত নিলেন। শিকারী বিড়ালের মত নিঃশব্দে পিছন থেকে এসে এক কোপে তাকে খুন করলেন। এরপর একই রকম নির্বিকার চিত্তে তার মৃতদেহটা মাটির নিচে পুতে রাখলেন! এরপর! এরপর কি তিনি সিনেমার পেশাদার খুনি চরিত্রের মত নির্বকার চিত্তে একটা সিগারেটে ধরালেন?

Source — https://www.hadithbd.com/books/link/?id=14326

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন